



যুগান্তর

যুগান্তর, ১১-০২-২০২৪, পৃ. ১৫



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে 'ক্যারিয়ার ফেয়ার' অনুষ্ঠিত

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে দিনব্যাপী 'ক্যারিয়ার ফেয়ার' আয়োজন করা হয়। স্বনামধন্য দেশীয় ও বহুজাতিক মিলিয়ে ৮৭টি প্রতিষ্ঠান এবং তিন হাজারেরও বেশি গ্রাজুয়েট এই 'ক্যারিয়ার ফেয়ার'-এ অংশ নেন। শনিবার এ ফেয়ারের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে অতিথি ছিলেন, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও এপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বাংলাদেশে মার্কিন দূতাবাস-এর পাবলিক অ্যাফেয়ার্স কাউন্সেলর, স্টিফেন ইবেলী, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য, অধ্যাপক শামস রহমান, এবং বিশ্ববিদ্যালয়ের বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগের চেয়ারপারসন, অধ্যাপক ফারহানা ফেরদৌসী। সংবাদ বিজ্ঞপ্তি।